দৈনিক
ইত্তেফাক

তারিখ 2 8 OCT 2002
পৃষ্ঠা ৭ কলাম ৮



চট্টগ্রামঃ নগরীর সুগন্ধার জার্মান ভাষা শিক্ষা স্কুলে ছাত্র-ছাত্রীদের সাথে চিগলার -ইত্তেফাক

# 'জার্মান ভাষা শিক্ষা স্কুল ডয়েশগুলে বিরল দৃষ্টান্ত স্থাপন করেছে'

চট্টগ্রাম অফিস ।। জার্মান টেক্সটাইল প্রকৌশলী ভাইনার চিগলার বলেন, নগরীর সুগন্ধায় জার্মান ভাষা শিক্ষা স্কুল ডয়েশ শুলে বাংলাদেশের ছাত্র-ছাত্রীদের জার্মান ভাষা শিক্ষা দিয়ে বিনে পয়সায় লেখাপড়ার জন্য জার্মানীতে পাঠিয়ে মহৎ ও বিরল দৃষ্টান্ত স্থাপন করেছে। তিনি সম্প্রতি ডয়েশ শুলে স্কুল পরিদর্শনে এসে উপরোক্ত অভিমত ব্যক্ত করেন। তিনি বলেন, বাংলাদেশের মানুষ সরল, বন্ধুসুলভ ও অতিথিপরায়ন। মানুষ বেশ পরিশ্রমীও। তিনি ৬ সপ্তাহ চট্টগ্রাম অবস্থান করে সম্প্রতি ফিরে গেছেন।